গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোপালগঞ্জ সদর
www.sadar.gopalganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৩২.০০১.১১.০০১.১৭- ৬১১

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এর সংশোধিত বিধিমালা ২০১৬ মোতাবেক গোপালগঞ্জ জেলাধীন সদর উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (দফাদার/মহল্লাদার) নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের প্রকৃত নাগরিক/ স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়ন পরিষদের নাম	শূন্য পদের সংখ্যা		ওয়ার্ড নম্বর	বেতন	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
		দফাদার	মহল্লাদার				
০১	০৫ নং গোপীনাথপুর	০১	-	-	সরকার কর্তৃক নির্ধারিত	৩২ বছর	পদোন্নতির ক্ষেত্রে: মহল্লাদার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী সরাসরি নিয়োগের ক্ষেত্রে: কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	০৫ নং গোপীনাথপুর	-	০১	০৬	সরকার কর্তৃক নির্ধারিত	৩২ বছর	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: মহল্লাদার পদে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	১৪ নং করপাড়া	-	০১	০৫			
০৪	১৭ নং কাঠি	-	০১	০১			
০৫		-	০১	০২			
০৬		-	০১	০৫			
০৭		-	০১	০৬			
০৮		-	০১	০৮			
০৯	১৮ নং মাঝিগাতী	-	০১	০২			
	মোট =	০১	০৮	-	-	-	-

শর্তাবলী:

১. আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. আবেদনপত্র আগামী ২৫-০৫-২০২৬ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে দাখিল করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, এ কার্যালয়ের ০১-০৩-২০২৬ খ্রি. তারিখের ০৫.৩০.৩৫৩২.০০১.১১.০০১.১৭-২৮১ নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা গত ১৫-০৩-২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৩. আগামী ২৫-০৫-২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪. দফাদার নিয়োগের ক্ষেত্রে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের বিষয়টি বিবেচনা করা হবে।

৫. শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে মৃত/অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশদের যোগ্যতাসম্পন্ন পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৬. এ নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

৭. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখ ও স্থানে বাছাই পরীক্ষায় (লিখিত, মৌখিক ও শারীরিক) অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

চলমান পাতা-০২

৯. প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে:

প্রার্থী ধরণ	সর্বনিম্ন উচ্চতা	সর্বনিম্ন ওজন	সর্বনিম্ন বুকের মাপ	
			স্বাভাবিক অবস্থায়	সম্প্রসারিত অবস্থায়
পুরুষ	৫ ফুট ২ ইঞ্চি	৫০ কেজি	৩০ ইঞ্চি	৩২ ইঞ্চি
মহিলা	৫ ফুট	৪৫ কেজি	২৮ ইঞ্চি	৩০ ইঞ্চি

১০. আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (২৫-০৫-২০২৬ তারিখ পর্যন্ত), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ থাকতে হবে।

১১. আবেদনপত্রের সাথে প্রার্থীর (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি সত্যায়িত ছবি; (খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি; (গ) জাতীয় পরিচয়পত্র; (ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি; (ঙ) প্রার্থীর সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের মূল কপি; (চ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক/সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং খামের উপর কোটা উল্লেখ করতে হবে; (ছ) আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ বরাবর ৩০০/-(তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে; (জ) আবেদনপত্রের সাথে ১০/-(দশ) টাকার ডাক টিকেট সম্বলিত একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে; (ঝ) সকল সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। উক্ত কাগজপত্র ব্যতীত আবেদন বাতিল বলে বিবেচিত হবে;

১২. আবেদনকারী/প্রার্থীর দাখিলকৃত তথ্য ভুয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬.০৫.২০২৬

কৌশিক আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর
ফোন ০২-৪৭৮৮২১১০১
E-mail : unogopalganj@mopa.gov.bd

০৬/০৫/২৬

স্মারক নং- ০৫.৩০.৩৫৩২.০০১.১১.০০১.১৭- ৬১১ /১ (১০০)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ;
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ;
০৩। উপজেলা.. কর্মকর্তা, গোপালগঞ্জ সদর। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ;
০৪। সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর। উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
০৫। চেয়ারম্যান, গোপীনাথপুর/করপাড়া/কাঠি/মাঝিগাতী ইউপি, গোপালগঞ্জ সদর। তাকে ইউনিয়ন পরিষদ, সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাট বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো;
০৬। ....
....
০৭। নোটিস বোর্ড।

০৬.০৫.২৬

উপজেলা নির্বাহী অফিসার
গোপালগঞ্জ সদর

০৬/০৫/২৬

CamScanner